

রূপালী ইলিশ

মখদুম আজম মশরাফী

সেদিন ঢাকায় ডালিতে বরফ দেয়া ইলিশ দেখেই
রূপালী বলকের মত হেসে উঠলো আমার অতীত;
মাকে মনে পড়ে গেল আর তোমাকে ।
মা বেঁচে নেই, তুমি আছো
আহা, তাঁর রান্নার ঘ্রাণে চঞ্চল হয়ে উঠতো হাওয়া,
চন মন করে উঠতো ভোজনবিলাসী মন ।

অত যত্ন করে স্নেহ আর আদর মাথিয়ে,
মা তো সেই জগৎ বিখ্যাত মিষ্টি হাসিটি দিয়ে
ইলিশের ঝোল মাখা নানিয়া চালের সরু শেফালীর মত
ঢ়াস্না ভরা গরম ভাত
ঝকঝকে কাসার থালায় পরম স্নেহে আর আজ বেড়ে দেবে না ।

কিন্তু তুমি তো তা পারতে ।
তুমি আজও যেমন জানো, চিরকাল তেমনি জানতে,
তোমার অনঙ্গ বাড়া-ভাতে আমার কতখানি প্রেম ।
তা কতখানি ছড়াতো বিলাস ব্যসনাসিক্ত
তৃপ্তি আনন্দের ইলিশ ঝিলিক ।

পাঁথ, ১৮ ফেব্রুয়ারী ২০১১